

[dnrcrp.rajshahidiv.gov.bd](http://dnrcrp.rajshahidiv.gov.bd)

নম্বর ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০.৩০১

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৮

০২ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ০২ মার্চ ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০৩ টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের  
বোয়ালিয়া ও রাজপাড়া থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ০২/০৩/২০২২ খ্রি: তারিখে উপ-পরিচালক জনাব অপূর্ব অধিকারী, সহকারী পরিচালক জনাব হাসান-আল-মারুফ ও সহকারী পরিচালক(মেট্রো) এর নেতৃত্বে রাজশাহী মহানগরের বোয়ালিয়া ও রাজপাড়া থানাধীন এলাকায় অভিযান পরিচালিত হয়। উপ-পরিচালক জনাব অপূর্ব অধিকারী ঘোষণাপাড়া এলাকায় রাম স্টোর কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ৮,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে সহকারী পরিচালক জনাব হাসান-আল-মারুফ সাগরপাড়া এলাকায় রাজশাহী কিচেন বাজার কে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৫ অনুযায়ী ১০,০০০/- টাকা জরিমানা করেন। সহকারী পরিচালক (মেট্রো) জনাব ওসমান গনী লক্ষ্মীপুর বাজার এলাকায় মারুফ স্টোর কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ৩,০০০/- টাকা ও তরিকুল মাংস ঘর কে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪০ অনুযায়ী ৩,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০৩টি অভিযানে সর্বমোট ২৪,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় ও আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

APR

২-৩-২০২২

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০৭২১-৭৭২৭৭৪

ফ্যাক্স: ০৭২১-৭৭৫৪০৬

ইমেইল: dd-

[rajshahi@dnrcrp.gov.bd](mailto:rajshahi@dnrcrp.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।

- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৮) অফিস কপি।